



স্মারক নং-ভিটিআই/একা-১/উপবৃত্তি/পাট-১/২০২১/৬২৫

তারিখঃ ০১-০৪-২০২১ খ্রিঃ।

নোটিশ

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৯.০০১.১৯.২৭-(উপবৃত্তি)-২৮, তারিখ : ১৮/০১/২০২১ খ্রিঃ মোতাবেক এ প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে “উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালা-২০২০” অনুযায়ী MIS সফটওয়্যার এর মাধ্যমে ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি কার্যক্রম পরিচালনার জন্য ছাত্র-ছাত্রীদের ডাটাবেজ প্রস্তুতের লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের/পিতা-মাতা/অভিভাবকের নামে মোবাইল/ব্যাংক একাউন্ট খুলে একাউন্ট নম্বর ও নিম্নবর্ণিত অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি (প্রয়োজনীয় ডকুমেন্টসহ) আগামী ১৫/০৪/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধানের নিকট জমা দেয়ার জন্য বলা হ’ল।


উপবৃত্তি বিতরণ ও বই ক্রয়ে সহায়তা প্রাপ্তির সাধারণ শর্তাবলী :

- (ক) নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত ছাত্র-ছাত্রী হতে হবে।
নিয়মিত শিক্ষার্থী হিসেবে তারাই গণ্য হবে যারা কারিগরি শিক্ষা বোর্ডের প্রবিধান অনুযায়ী নিয়মিতভাবে ক্লাস করে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে।
এছাড়া পুনঃভর্তি হওয়া শিক্ষার্থী পরবর্তী পর্বে ভর্তি হলেও নিয়মিত হিসেবে গণ্য হবে।
- (খ) শিক্ষাবর্ষ/সেমিস্টারে অনুষ্ঠিত মোট ক্লাসের ৮০% ক্লাসে উপস্থিতি থাকতে হবে।
- (গ) অব্যবহিত পূর্ববর্তী বর্ষে/পর্বে সকল বিষয়ে উত্তীর্ণ হতে হবে। নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি যোগ্যতায় উল্লিখিত সর্বশেষ পরীক্ষার ফলাফল বিবেচনা করতে হবে।
- (ঘ) ছাত্র/ছাত্রীদের অবিবাহিত হতে হবে।

পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র আবশ্যিকভাবে জমা দিতে হবে :

- ১। ছাত্র-ছাত্রীদের পাসপোর্ট সাইজের ছবি- ০১(এক) কপি।
- ২। ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের ফটোকপি- ০১(এক) কপি।
- ৩। ছাত্র-ছাত্রীদের এসএসসি পরীক্ষার সনদ/রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি- ০১(এক) কপি।
- ৪। ছাত্র-ছাত্রীদের পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ০১(এক) কপি।
- ৫। ছাত্র-ছাত্রীদের মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ০১(এক) কপি।
- ৬। ছাত্র-ছাত্রীদের পিতা/মাতার অবর্তমানে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)- ০১(এক) কপি।
- ৭। প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃগোষ্ঠী/মুক্তিযোদ্ধার পোষ্য কোটার ছাত্র-ছাত্রীদের সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)- ০১(এক) কপি।
- ৮। ছাত্র-ছাত্রী/ পিতা-মাতা/অভিভাবকের নামে মোবাইল/ব্যাংক একাউন্ট খুলে একাউন্ট নম্বর (প্রয়োজনীয় ডকুমেন্টসহ)- ০১(এক) কপি।

উল্লেখ্য যে, উক্ত বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা এবং উপবৃত্তির আবেদন ফরমটি স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধান থেকে সংগ্রহপূর্বক আবেদন ফরমটি পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ যথাসময়ে জমা দিতে হবে। যথাসময়ে জমা দিতে ব্যর্থ হলে পরবর্তীতে ছাটিলতার জন্য কর্তৃপক্ষ কোনোভাবে দায়ী থাকবে না।


০১/০৪/২০

(প্রকৌ. মোঃ জিন্দার আলী)

অধ্যক্ষ

ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট,
বগুড়া


ফোন নং-০৫১-৬৫৬২৪।


তারিখঃ ০১-০৪-২০২১ খ্রিঃ।

স্মারক নং-ভিটিআই/একা-১/উপবৃত্তি/পার্ট-১/২০২১/৬২৫(১৪)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরিত হ'লঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৪। ওসি একাডেমিক, অত্র ইন্সটিটিউট।
- ৫-১০। বিভাগীয় প্রধানঃ ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/ইলেকট্রনিক্স/কম্পিউটার/অটোমোবাইল/রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, অত্র ইন্সটিটিউট
- ১১। অফিসার ইন চার্জ, আইটি ফোকাল পয়েন্ট, অত্র ইন্সটিটিউট (বিজ্ঞপ্তিটি প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২-১৩। হিসাব রক্ষক/ক্যাশিয়ার, অত্র ইন্সটিটিউট।
- ১৪। নথি।


১/০৪/২১


(প্রকো. মোঃ জিন্দার আলী)
অধ্যক্ষ
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট,
বগুড়া
ফোন নং-০৫১-৬৫৬২৪।